সেবক।[৩০] নবী করীম (ﷺ) বলেন, সুস্থতা ও অবসর দু'টোই আল্লাহ তা'আলার নিয়ামত।৩১ নবী করীম (ﷺ) বলেন, তোমরা সমস্যার সমাধানে গোপনীয়তা অবলম্বন করে (আল্লাহর কাছে) সাহায্য প্রার্থনা কর, কেননা প্রত্যেক নি'য়ামত প্রাপ্ত ব্যক্তি হিংসা-বিদ্বেষের কেন্দ্র বিন্দু হয়।[৩২] নবী করীম (ﷺ) বলেন, বেজালকারী আমার দলভুক্ত নয়।[৩৩] নবী করীম (ﷺ) বলেন, কল্যাণময় কর্মের সন্ধানদাতা বাস্তবায়নকারীর অনুরূপ।[৩৪] নবী করীম (ﷺ) বলেন, দেরীতে সাক্ষাৎ কর, ভালবাসা বৃদ্ধি পাবে।[৩৫] নবী করীম (ﷺ) বলেন, নিশ্চয় তোমরা মানুষকে তোমাদের সম্পদের মাধ্যমে কখনো ধাবিত করতে পারবে না। অতএব

তোমারা তাদেরকে তোমাদের নিজ চরিত্রগুণে ধাবিত কর।[৩৬]
নবী করীম (ﷺ) বলেন, মন্দ স্বভাব আমল ধ্বংস করে যেমন সিরকা মধুকে ধ্বংস করে।[৩৭] নবী

---

৩০. মিশকাতুল মাসাবীহ, باب اداب السفر পৃষ্ঠা: ৩৯১
৩১. সুনান আত-তিরমিযী, باب الصحة والفراغة نعمتان পৃষ্ঠা: ২৭২
৩২. আল্-মু'জমুল আওসত লিত্-তবরানী, باب اسمه ابراهيم পৃষ্ঠা: ৬
৩৩. সহীহ মুসলিম, باب قول النبىﷺ পৃষ্ঠা: ২৬৫
৩৪. সুনান আত্-তিরমিযী, باب ماجاء الدال على الخير পৃষ্ঠা: ২৭৯
৩৫. আল্-মু'জমুল কবীর লিত-তবরানী, باب قطعة من المفقود পৃষ্ঠা: ১৭৮
৩৬. শামাইল শরীফ, মাওয়াহিবুল্ লুদনিয়া।
৩৭. শু'আবুল ঈমান লিল্-বয়হাকী, باب السابع والخمسون من شعب পৃষ্ঠা: ৬২

وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ تُنْكَحُ الْمَرْأَةُ لِجَمَالِهَا وَمَالِهَا وَدِيْنِهَا وَحَسَبِهَا فَعَلَيْكَ بِذَاتِ اَىْ صَاحِبَةِ الدِّيْنِ تَرِبَتْ يَدَاكَ اَىْ اِفْتَقَرْتَ اِذَا خَالَفْتَ . وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلشِّتَاءُ رَبِيْعُ الْمُؤْمِنِ، قَصُرَ نَهَارُهُ فَصَامَهُ، وَطَالَ لَيْلُهُ فَقَامَهُ، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلْقَنَاعَةُ مَالٌ لَا يَنْفَدُ وَكَنْزٌ لَايَفْنٰى، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلْاِقْتِصَادُ فِي النَّفْقَةِ نِصْفُ الْمَعِيْشَةِ، وَالتَّوَدُّدُ اِلَى النَّاسِ نِصْفُ الْعَقْلِ، وَحُسْنُ السُّوَالِ نِصْفُ الْعِلْمِ، وَقَالَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ مَا خَابَ مَنْ اِسْتَخَارَ، وَلَا نَدِمَ مَنْ اِسْتَشَارَ، وَلَا عَالَ مَنِ اقْتَصَدَ، اَىْ لَمْ يَفْتَقِرْ مَنِ اقْتَصَدَ فِيْ

করীম (ﷺ) বলেন, সাধারণত নারীদেরকে বিবাহ করা হয় তাদের সৌন্দর্য, মাল, ধার্মিকতা ও বংশ দেখে। অতএব ধার্মিক মহিলাকে বিবাহ করা তোমার ওপর আবশ্যক। এ রকম না করে বিপরীত করলে ক্ষতিগ্রস্থ হবে।[৩৮] নবী করীম (ﷺ) বলেন, শীতকাল মু'মিনদের জন্য শুভক্ষণ। এতে দিন ছোট হয় বিধায় মুমিনরা দিনের বেলায় রোজা রাখেন এবং রাত বড় বিধায় রাত্রে ইবাদতে মগ্ন থাকেন।[৩৯] নবী করীম (ﷺ) বলেন, কানায়াত (অল্পে সন্তুষ্টি) এমন সম্পদ যা ক্ষয় হয় না, এমন খনি যা বিলুপ্তও হয় না।[৪০] নবী করীম (ﷺ) বলেন, পারিবারিক খরচে মিতব্যয়ীতা অর্ধেক উপার্জন, মানুষের সাথে ভালবাসার সম্পর্ক

বোধশক্তির অর্ধেক এবং যুক্তিসঙ্গত প্রশ্ন জ্ঞানের অর্ধেক।[৪১] নবী করীম (ﷺ) বলেন, যে ইস্তেখারা করে সে ব্যর্থ হয় না, যে পরামর্শ করে সে লজ্জিত হয় না, যে মিতব্যয়ীতা অবলম্বন করে দৈনিক জীবিকায় অপচয় না করে সে

---

৩৮. শামাইল শরীফ, মাওয়াহিবুল লুদনিয়া।
৩৯. শু'আবুল ঈমান লিল্-বয়হাকী, باب الشتاء ربيع المؤمن পৃষ্ঠা: ৪৬৫
৪০. মসনদ আশ-শিহাবুল ক্বাযায়ী, باب القناعة مال لاينفد পৃষ্ঠা: ১০২
৪১. মিশকাতুল মাসাবিহ, باب السلام পৃষ্ঠা: ৯৮

النَّفْقَةِ اَىْ لَمْ يُبَذِّرْ فِيْهَا، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُوْنَ مِنْ لِسَانِهٖ وَيَدِهٖ وَالْمُهَاجِرُ مَنْ هَجَرَ مَا حَرَّمَ اللهُ، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ اَدِّ الْاَمَانَةَ اِلٰى مَنْ اِئْتَمَنَكَ وَلَا تَخُنْ مَنْ خَانَكَ وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْهُوْمَانِ لَايَشْبَعَانِ طَالِبُ عِلْمٍ وَطَالِبُ دُنْيَا .

অভাবগ্রস্থ হয় না।[৪২] নবী করীম (ﷺ) বলেন, সে ব্যক্তি যার রসনা ও হাত থেকে মুসলমানগণ মুক্ত থাকে, মুহাজির সে ব্যক্তি যে আল্লাহ তা'আলা কর্তৃক হারামকৃতকে বর্জন করে।[৪৩] নবী করীম (ﷺ) বলেন, যে তোমার কাছে আমানত রাখে তুমি তা যথাযথ আদায় কর, যে তোমার খেয়ানত করে তুমি তার খেয়ানত করো না।[৪৪] নবী করীম (ﷺ) বলেন, দু'ধরনের লোভী ব্যক্তি পরিতৃপ্তি লাভ করে না, জ্ঞান অন্বেষণকারী ও দুনিয়া অন্বেষণকারী।[৪৫]

وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اِنَّمَا الْاَعْمَالُ بِالنِّيَّاتِ، وَقَالَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ اَلْحَلَالُ بَيِّنٌ وَالْحَرَامُ بَيِّنٌ وَقَالَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ اَلْبَيِّنَةُ عَلٰى مَنْ اِدَّعٰى وَالْيَمِيْنُ عَلٰى مَنْ اَنْكَرَ، وَقَالَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ لَايَكْمُلُ اِيْمَانُ الْمَرْءِ حَتّٰى يُحِبَّ

নবী করীম (ﷺ) বলেন, প্রত্যেক কর্মের বিশুদ্ধতা নিয়তের ওপর নির্ভরশীল।[৪৬] নবী করীম (ﷺ) বলেন, হালালের বর্ণনা ও হারামের বর্ণনা সুস্পষ্ট।[৪৭] নবী করীম

(ﷺ) বলেন, বাদীর জন্যে প্রমাণ ও বিবাদীর জন্যে শপথ আবশ্যক।[৪৮] নবী করীম (ﷺ) বলেন, মানুষের ঈমান ততক্ষণ পর্যন্ত পরিপূর্ণতা লাভ করবে না,

৪২. শামাইল শরীফ, মাওয়াহিবুল লুদনিয়া।
৪৩. সহীহ আল্-বুখারী, باب المسلم من سلم المسلمون পৃষ্ঠা: ১৫
৪৪. সুনান আত্-তিরমিযী, باب ماجاء فى النهى للمسلم পৃষ্ঠা: ৫৭
৪৫. মুসান্নাফে ইবনে আবি শাইবা, পৃষ্ঠা: ১৮৭
৪৬. সহীহ আল্-বুখারী, باب بدء الوحى পৃষ্ঠা: ৩
৪৭. সহীহ আল্-বুখারী, باب فضل من استبراء لدينه পৃষ্ঠা: ৯০
৪৮. সুনানে দারে কুত্নী, باب الحدود والديات পৃষ্ঠা: ৪৮৪

যতক্ষণ সে তার ভাইয়ের জন্য পছন্দ করবে না যা নিজের জন্য পছন্দ করে।[৪৯] নবী করীম (ﷺ) বলেন, উপকারীর প্রতি ভালবাসা ও অনিষ্টকারীর প্রতি রাগান্বিত হওয়া আত্মার স্বভাবে পরিণত হয়েছে।[৫০] নবী করীম (ﷺ) বলেন, যে ব্যক্তি যে সম্প্রদায়ের সাদৃশ্যতা অবলম্বন করে তার পরিচিতি ঐ সম্প্রদায়ের অন্তর্ভূক্ত হয়।[৫১] নবী করীম (ﷺ) বলেন, যে যাকে ভালবাসে তার স্মরণ বেশী করে।[৫২] নবী করীম (ﷺ) বলেন, ঐ ব্যক্তির ইসলামই উত্তম যে নিরর্থক কার্যকলাপ পরিহার করে।[৫৩] নবী করীম (ﷺ) বলেন, কিয়ামত দিবসে অত্যাচারের পরিণতি অন্ধকার ছাড়া আর কিছুই নয়।[৫৪]

এক কথায় নবী করীম (ﷺ) আরবের সব ভাষাভাষীদের ভাষা

لِاَخِيْهِ مَايُحِبُّ لِنَفْسِه□ وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ جُبِلَتْ اَىْ طُبِعَتِ الْقُلُوْبُ عَلٰى حُبِّ مَنْ اَحْسَنَ اِلَيْهَ وَبُغْضِ مَنْ أَسَاءَ اِلَيْهَا، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ تَشَبَّهَ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ اَحَبَّ شَيْئًا اَكْثَرَ مِنْ ذِكْرِه□ .
وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ حُسْنِ اِسْلَامِ اَلْمَرْءِ تَرْكُهُ مَالَا يَعْنِيْهِ وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلظُّلْمُ ظُلُمَاتُ يَوْمِ الْقِيَامَـةِ .
وَبِالْجُمْلَةِ فَقَدْ عَلِمَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلْسِنَةَ الْعَرَبِ فَكَانَ يُخَاطِبُ كُلَّ أُمَّةٍ بِلِسَانِهَا وَيُحَاوِرُهَا بِلُغَاتِهَا وَكَانَ كَلَامُهُ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ

সম্পর্কে অবগত ছিলেন। তাই প্রত্যেক সম্প্রদায়ের তাদের নিজ নিজ ভাষায় হুযূর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সম্বোধন ও প্রয়োজনীয় বিষয়াদি উপস্থাপন করতেন। তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ভাষা ছিল

---

৪৯. আল্ মু'জমুল আউসত্ লিত -তব্রানী, مقدام باب من اسمه: পৃষ্ঠা: ১৯০
৫০. শু'আবুল ঈমান লিল্-বায়হাকী, باب كيف لاتحب واجدك পৃষ্ঠা: ৩৭
৫১. সুনানে আবি দাউদ, باب فى لبس الشهرة পৃষ্ঠা: ৪৮
৫২. শু'আবুল ঈমান লিল্-বায়হাকী, باب علامة حب الله دوام ذكره পৃষ্ঠা: ৭২
৫৩. সুনানে তিরমিযী, باب فيمن تكلم بكلمة يضحك পৃষ্ঠা: ২৯৪
৫৪. সহীহ বুখারী শরীফ, باب الظلم ظلمات يوم القيامة পৃষ্ঠা ৩১৯

حِكَمًا بَالِغَةً جَامِعَةً لِعِلْمِ الْاَوَّلِيْنَ وَالْاٰخِرِيْنَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلرِّضَاعُ يُغَيِّرُ الطِّبَاعَ وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اِلْتَمِسُوْا اَلرِّزْقَ فِيْ خَبَايَا الْاَرْضِ اَلْمُرَادُ اَلزَّرْعُ، قَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تُظْهِرِ الشَّمَاتَةَ بِاَخِيْكَ فَيُعَافِيَهُ اللهُ وَيَبْتَلِيْكَ . قَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلرَّاحِمُوْنَ يَرْحَمُهُمُ الرَّحْمٰنُ تَبَارَكَ وَتَعَالٰى اِرْحَمُوْا مَنْ فِى الْاَرْضِ يَرْحَمُكُمْ مَنْ فِيْ السَّمَاءِ، وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِحَسْبِ اِبْنِ اٰدَمَ لَقِيْمَاتُ اَىْ يَكْفِيْهِ اَكَلَاتٌ يُقِمْنَ صُلْبَهُ اَىْ ظَهْرَهُ فَاِنْ كَانَ لَامُحَالَةَ اَىْ لَابُدَّ

অধিক বিজ্ঞান সম্মত পূর্ববর্তী ও পরবর্তী সকল জ্ঞান-বিজ্ঞানের প্রধান কেন্দ্রবিন্দু। নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, দুগ্ধপান স্বভাবের পরিবর্তন ঘটায়।[৫৫] নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, জমিনে নিহিত রুজি চাষাবাদের মাধ্যমে তালাশ কর।[৫৬] নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, তোমার ভাইয়ের বিপদাপদের খবরা-খবর প্রচার করে তুমি আনন্দিত হইও না। হয়তঃ আল্লাহ তা'আলা তাকে উহা থেকে মুক্ত করে তোমাকে এতে লিপ্ত করতে পারে।[৫৭] নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, দয়ালু খোদা দয়াশীল ব্যক্তিদেরকে দয়া করেন। তোমরা জমিনের অধিবাসীদেরকে দয়া কর, আসমানে অবস্থানকারী (আল্লাহ) তোমাদেরকে দয়া করবেন।[৫৮] নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, মানব

জাতি তাদের মেরুদন্ড সোজা রাখার (সু-স্বাস্থ্যের জন্য) জন্যে কয়েক গ্রাস খাবার যথেষ্ট। হ্যাঁ যদি তাদের আরও অধিক খাবারের প্রয়োজন হয় তাহলে এক তৃতীয়াংশ খাদ্যের জন্যে, এক তৃতীয়াংশ পান করার জন্যে এবং এক তৃতীয়াংশ আত্মার জন্যে।[৫৯] নবী করীম (ﷺ) বলেন, হে আল্লাহর বান্দাগণ চিকিৎসা কর। কেননা আল্লাহ তা'আলা এমন কোন রোগ সৃষ্টি করেনি, যার বিপরীতে ঔষধ সৃষ্টি করা হয়নি। তবে মরণ ব্যাধি ব্যতীত।[৬০]

مِنَ الزِّيَادَةِ فَثُلُثٌ لِطَعَامِهِ وَثُلُثٌ لِشَرَابِهِ وَثُلُثٌ لِنَفْسِهِ وَقَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ تَدَاوَوْا عِبَادَ اللهِ فَإِنَّ اللهَ لَمْ يَضَعْ دَاءً إِلَّا وَضَعَ لَهُ دَوَاءً غَيْرَ دَاءٍ وَاحِدٍ اَلْهَرَمُ .

নবী করীম (ﷺ) এর অলৌকিক ঘটনাবলী সম্পর্কে কিছু আমাদেরকে বর্ণনা কর।

নবী করীম (ﷺ) এর অলৌকিক ঘটনা সমূহের মধ্যে সবচেয়ে মহান মু'জিযা হচ্ছে মহান আল কুরআন যা- ফিরিস্তা ও মানব- দানব সকলকে অপারগ করে দিয়েছে। তাঁর অলৌকিক মু'জিযাবলীর অন্যতম হচ্ছে পূর্ণিমার রাত্রে চন্দ্র দ্বিখন্ডিত করণ, আঙ্গুলের ফাঁক দিয়ে একটি ছোট পেয়ালায় পানির ঝর্ণা

أُذْكُرْ لَنَا بَعْضًا مِنْ مُعْجِزَاتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟

اَعْظَمُ مُعْجِزَةٍ لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ هُوَالْقُرْاٰنُ الَّذِىْ اَعْجَزَ الْمَلَكَ وَالْاِنْسَ وَالْجَانَّ، وَمِنْ مُعْجِزَاتِه اِنْشِقَاقُ الْقَمَرِ لَيْلَةَ اَرْبَعَةَ عَشَرَ، وَمِنْهَا نَبْعُ الْمَاءِ مِنْ بَيْنِ اَصَابِعِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِىْ قَدْحٍ صَغِيْرٍ حَتّٰى شَرِبَ الْعَسْكَرُ وَتَوَضَّؤُا، وَمِنْهَا اِطْعَامُ اَلْفٍ مِنْ أَقَلِّ مِنْ صَاعٍ ، مِنْهَا كَلَامُ الشَّجَرِ وَالْحَجَرِ، وَمِنْهَا حَنِيْنُ الْجَذْعِ اَىْ

---

৫৫. মুসনদে আশ-শিহাবুল ক্বাযায়ী, باب الرضاع يتغير الطباع পৃষ্ঠা: ৫৮
৫৬. আল্-মু'জমুল আউস্ত লিত্-তবরানী, باب من اسمهُ احمد পৃষ্ঠা: ৪০৬
৫৭. আল্ মু'জমুল আউসত্ লিত্-তবরানী, باب من اسمهُ على , পৃষ্ঠা: ৪৩৪
৫৮. সুনানে তিরমিযী, باب ماجاء فى رحمة الناس , পৃষ্ঠা: ১৬১

নির্গত হওয়া। যা হতে সেনা বাহিনী পান করেছেন ও অজু করেছেন। এক চা (দুই সের চৌদ্দ ছটাক চার তোলা) থেকেও কম পরিমাণে কম খাবার এক হাজার লোক উদর ভরে ভক্ষণ করণ। গাছ ও পাথর তার (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সাথে কথোপকথন করণ। খেজুর গাছের শুকনা খুঁটির ক্রন্দন করা অর্থাৎ তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)

---

৫৯. সুনানে তিরমিযী, باب ماجاء فى كراهية كثيرة , পৃষ্ঠা: ৩৮৭

৬০. আল্ মুসতাদ্‌রাক আলাস্-সহীহাইন, باب الله وضع الحرج الامن পৃষ্ঠা: ৮৮

شَوْقَهُ لِمَّا فَارَقَهُ حَتّى سَمِعَ مِنْهُ كَحَنِيْنِ الْنَاقَةِ فَضَمَّهُ اِلَيْهِ فَسَكَنَ وَمِنْهَا اِنْزَاوَاءُ الْاَرْضِ اَىْ جَمْعُ الْاَرْضِ وَضَمُّ بَعْضِهَا اِلى بَعْضٍ لَهُ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ حَتّى شَاهَدَهَا فَرَاىَ مَشَارِقَهَا وَمَغَارِبَهَا، وَمِنْهَا تَسْبِيْحُ الْحَصٰى بِكَفِّهِ وَالطَّعَامِ لِحَضَرَتِه□، وَمِنْهَا رَدُّ عَيْنِ قَتَادَةَ فَكَانَتْ اَحْسَنَ عَيْنَيْهِ .

وَمِنْهَا تَفْلُهُ اَىْ بَصَقُهُ فِىْ عَيْنِ عَلِيٍّ وَهِىَ رَمْدَاءُ فَبَرِئَتْ وَلَمْ يَرْمُدْ بَعْدُ. وَمِنْهَا دُعَائُهُ لَهُ بِمَنْعِ الْحَرِّ وَالْبَرْدِ فَلَمْ يُحِسَّ بِهِمَا بَعْدُ، وَمِنْهَا دُعَاؤُهُ لِابْنِ عَبَّاسٍ بِالتَّفَقُّهِ فِىْ الدِّيْنِ، فَصَارَ الْبَحْرَ الْمُعِيْنَ اَىْ الْوَاسِعَ، وَمِنْهَا دُعَائُهُ لِاَنَسِ بْنِ مَالِكٍ بِالْمَالِ وَالْوَلَدِ وَالْعُمْرِ فَرُزِقَ مِائَةَ وَلَدٍ، وَعَاشَ مِائَةَ سَنَةٍ، وَصَارَ نَخْلُهُ يَحْمِلُ فِى الْعَامِ مَرَّتَيْنِ، وَمِنْهَا مَسْحُ رِجْلِ

বিচ্ছেদ জ্বালার বহিঃপ্রকাশার্থে উষ্ট্রীর আওয়াজের ন্যায় উচ্চস্বরে ক্রন্দন করা যা উপস্থিত সকলেই শুনেছিলেন। অবশেষে রাসুলে পাক (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে জড়িয়ে ধরলে শান্ত হয়ে যায়। ভূমি তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জন্যে গুটিয়ে যাওয়া (সঙ্কুচিত হওয়া) অর্থাৎ পৃথিবীর একপ্রান্ত অন্যপ্রান্তের সাথে মিলে যাওয়া যা তিনি প্রত্যক্ষ করেছেন এবং পৃথিবীর পূর্বপশ্চিম প্রান্ত (গোটা পৃথিবী) দেখতে পেয়েছেন। তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হাতে কংকরের তাসবীহ পাঠ এবং উপস্থিতকৃত খাবারের তাসবীহ পাঠ করণ। হযরত ক্বাতাদার (রা.) একটি চক্ষু ফিরায়ে দেয়া যা পরবর্তীতে অন্যটির তুলনায় অধিক ভাল ছিল।

হযরত আলীর (রা.) রুগ্ন চোখে থুথু মোবারক দিয়ে আরোগ্য করণ যা পরবর্তীতে কখনো রুগ্ন হয়নি। হযরত আলীর (রা.) জন্যে ঠান্ডা ও গরম প্রতিরোধের দো'আ করা। পরবর্তীতে তিনি কোনদিন গরম ঠান্ডা অনুভব

করেননি। হযরত আবদুল্লাহ বিন আব্বাসের জন্য ধর্মীয় জ্ঞানে বিচক্ষণতার দো'আ করলে তিনি ধর্মীয় জ্ঞানের সাগরে পরিণত হন। হযরত আনাস বিন মালিকের জন্য ধন-সম্পদ, সন্তান-সন্ততি ও দীর্ঘায়ুর জন্যে দোয়া করলে তাঁকে একশ' সন্তান-সন্ততি ও একশ' বছরের হায়াত দান করা হয়। তাঁর খেজুর বাগান বৎসরে দু'বার ফলদায়ক হয়। ইবনে আতিকের পা ভেঙ্গে যাওয়ার

اِبْنِ عَتِيْكٍ لَمَّا اِنْكَسَرَتْ فَصَحَّتْ،

পর রাসুলে খোদা (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হাত মসেহ করে দিলে তা সম্পূর্ণ ভাল হয়ে যায়। বদর ও হুনাইন যুদ্ধে একমুষ্টি মাটি নিয়ে কাফিরের দিকে নিক্ষেপ করলে তা তাদের প্রত্যেকের চোখে পতিত হয়, ফলে তারা যুদ্ধে শোচনীয় ভাবে পরাজয় বরণ করে। বন্ধ্যা ছাগলের স্তনে তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হাত মোবারক মসেহ করলে তৎক্ষণাৎ দুধে স্তন পরিপূর্ণ হয়ে যায়। এছাড়া অসংখ্য অলৌকিক ঘটনা আছে, যা গণনা করে আয়ত্তে আনা সম্ভব নয়।

وَمِنْهَا رَمَةُ الْكُفَّارِ فِيْ بَدْرٍ وَحُنَيْنٍ بِقَبْضَةٍ مِنْ تُرَابٍ، فَأَمْتَلَأَتْ اَعْيُنُهُمْ فَهُزِمُوْا، وَمِنْهَا مَسْحُهُ بِيَدِهِ الْكَرِيْمَةِ عَلٰى ضَرْعِ شَاةٍ حَائِلٍ فَدَرَّتْ مِنْ حِيْنِهَا اِلٰى غَيْرِ ذٰلِكَ مِنَ الْمُعْجِزَاتِ الَّتِيْ لَاتَدْخُلُ تَحْتَ حَصْرٍ.

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলো থেকে কিছু আমাদেরকে বর্ণনা কর।

أُذْكُرْ لَنَا بَعْضًا مِنْ خَصَائِصِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর অগণিত নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলোর মধ্যে অন্যতম- তিনি নবীদের মধ্যে সর্বশেষ ও সর্বোত্তম নবী। সর্বপ্রথম পূনর্জীবনের অধিকারী। তিনি প্রথমে

مِنْ خَصَائِصِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَوْنُهُ خَاتَمَ الْاَنْبِيَاءِ وَاَفْضَلَهُمْ وَاَوَّلَ مَنْ تَنْشَقُّ عَنْهُ الْاَرْضُ. وَيَقْرَعُ بَابَ الْجَنَّةِ وَيَدْخُلُهَا وَاَوَّلَ شَافِعٍ وَاَوَّلَ مُشَفَّعٍ اَيْ تُجَابُ شَفَاعَتُهُ وَرَسُوْلًا اِلَى الثَّقَلَيْنِ اَيْ اَلْاِنْسِ وَالْجِنِّ وَاَنَّ اللهَ تَعَالٰى اَقْسَمَ بِحَيَاتِهِ وَلَا يَنَامُ قَلْبُهُ وَيَرٰى مَنْ

জান্নাতের দরজায় করাঘাত করবেন ও জান্নাতে প্রবেশ করবেন। সর্বপ্রথম সুপারিশকারী ও সুপারিশ গৃহীত ব্যক্তিত্ব। মানব-দানব উভয় জাতির কাছে রাসুল হিসেবে প্রেরিত। নিশ্চয় আল্লাহ তা'আলা তাঁর জীবনের শপথ করেছেন। তাঁর অন্তর ঘুমায় না। তিনি সামনে-পিছনে ও অন্ধকারে দেখেন। তাঁর ছায়া ছিল না। আল্লাহ তা'আলার বাণী,'তাঁদের

(ঈমানদার পুরুষ ও নারী) সম্মুখভাগে ও ডান পার্শ্বে তাদের আলো ও জ্যোতি ছুটোছুটি করছে।[৬১] আল্লাহ তা'আলা আরো বলেন, 'এবং আল্লাহর আদেশক্রমে তাঁর প্রতি আহবানকারী আর আলোকোজ্জ্বলকারী প্রদীপরূপে।'[৬২] তাঁর পবিত্র শরীরে মশা-মাছি অবস্থান করত না। ইত্যাদি।

রাসূলে করিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর স্বভাব সম্পর্কে কিছু আমাদেরকে বর্ণনা কর।

রাসূলে করিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সুগন্ধি পছন্দ করতেন এবং তা কখনো প্রত্যাখান করতেন না। তিনি দুর্গন্ধ পছন্দ করতেন না। প্রতিটি চোখে তিনবার করে সুরমা ব্যবহার করতেন। ক্রয়-বিক্রয় করতেন। কোন কিছু ভাড়া দিতেন ও ভাড়ায় নিতেন, ইহাই অধিক করেছেন। তিনি নবুয়ত প্রাপ্তির পূর্বে পারিশ্রমিকের বিনিময়ে গৃহপালিত

خَلْفَهُ وَيُبْصِرُ فِى الظَّلْمَةِ وَلَا ظِلَّ لَهُ قَالَ اللهُ تَعَالٰى يَسْعٰى نُوْرَهُمْ بَيْنَ اَيْدِيْهِمْ وَبِاَيْمَانِهِمْ وَدَاعِيًا اِلَى اللهِ بِاِذْنِه وَسِرَاجًا مُّنِيْرًا وَلَا يَقَعُ عَلَيْهِ الذُّبَابُ وَغَيْرَ ذٰلِكَ .

اُذْكُرْ لَنَا شَيْئًا مِنْ اَحْوَالِه صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟

كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّ الطِّيْبَ وَلَا يَرُدُّهُ، وَيَكْرَهُ الرَّائِحَةَ الْكَرِيْهَةَ وَكَانَ يَكْتَحِلُ فِىْ كُلِّ عَيْنٍ ثَلَاثًا، وَبَاعَ وَاشْتَرٰى، وَاٰجَرَ وَاسْتَاجَرَ وَهُوَ الْاَغْلَبُ، وَاَجَرَ نَفْسَهُ قَبْلَ النُّبُوَّةِ لِلرَّعِى وَالتِّجَارَةِ وَشَارَكَ وَوَكَّلَ، وَتَوَكَّلَ، وَوَهَبَ، وَوُهِبَ لَهُ، وَاسْتَعَارَ وَتَشَفَّعَ وَتُشُفِّعَ اِلَيْهِ وَضَافَ

পশু চরানো ও ব্যবসার দায়িত্ব পালন করেছিলেন। শরিকানা ব্যবসা করেছেন, উকিল নিযুক্ত করেছেন ও উকিল নিযুক্ত হয়েছেন। উপঢৌকন দিয়েছেন এবং উপঢৌকন গ্রহণও করেছেন। ঋণ নিয়েছেন, সুপারিশ করেছেন এবং সুপারিশের আবেদন গ্রহণ করেছেন। আতিথিয়তা গ্রহণ করেছেন, নিজেও অতিথি

---

৬১. আল-কুরআন, সূরা হাদীদ, আয়াত: ১২
৬২. আল-কুরআন, সূরা আহযাব, আয়াত: ৪৬

হয়েছেন। তিনি নিজে চিকিৎসা করেছেন ও অপরকে চিকিৎসাও করায়েছেন। বেশী খাবার থেকে ভয় প্রদর্শন করেছেন। শেষ জীবনে পরিবার-পরিজনের জন্য এক বছরের খাবার জমা রেখেছেন। তাঁর অতি প্রিয় আমল ছিল যা সর্বদা ও সহজে করা হয়- যদিও তা স্বল্প হয়। তিনি রাত্রে জাগ্রত থেকে ইবাদতে মগ্ন থাকতেন, ফলে তাঁর পবিত্র কদমদ্বয় ফুলে যেত। তাই একদা আয়শা ছিদ্দিকা (রা.) আরয করলেন, 'আপনি এত কষ্ট কেন করছেন? অথচ আল্লাহ তা'আলা আপনাকে ক্ষমা করে দিয়েছেন।' উত্তরে তিনি বললেন, 'আমি কি কৃতজ্ঞ বান্দা হব না?' তিনি ছদকা প্রত্যাখ্যান করতেন, উপঢৌকন গ্রহণ করতেন। তিনি অধিকাংশ সময় দো'আ করতেন, 'হে আল্লাহ! হে আত্মার পরিবর্তনকারী! আমার আত্মাকে আপনার দ্বীনের ওপর অটল ও মজবুত রাখুন।'

وَأُضِيْفَ، وَدَاوَى وَتَـدَاوَى وَحَذَّرَ مِنَ التُّخْمَةِ اَىْ كَثْرَةِ الْاَكْلِ وَكَانَ اٰخِرَ عُمْرِه يَدَّخِرُ قُوْتَ سَنَةٍ لِاَهْلِهِ، وَكَانَ اَحَبُّ الْعَمَلِ اِلَيْهِ اَدْوَمَهُ وَاَيْسَرَهُ وَاِنْ قَلَّ، وَكَانَ يَقُوْمُ مِنَ اللَّيْلِ حَتّٰى تَتَفَطَّرَ قَدْمَاهُ فَتَقُوْلُ عَائِشَةُ أَتَتَكَلَّفَ هٰذَا وَقَدْ غُفِرَ اللهُ لَكَ؟ فَيَقُوْلُ اَفَلَا اَكُوْنُ عَبْدًا شَكُوْرًا وَكَانَ يَرُدُّ الصَّدْقَةَ وَيَقْبَلُ الْهَدِيَّةَ وَكَانَ اَكْثَرُ دُعَائِه اَللّٰهُمَّ يَامُقَلِّبَ الْقُلُوْبِ ثَبِّتْ قَلْبِىْ عَلٰى دِيْنِكَ .

هٰذَا وَقَدْ قَالَ الْبُخَارِىُّ رَضِىَ اللهُ عَنْهُ اَنَّ اللهَ قَسَّمَ لَكُمْ اَخْلَاقَكُمْ كَمَا قَسَّمَ اَرْزَاقَكُمْ . فَكَانَ النَّبِىُّ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ

ইমাম বুখারী (রহ.) বলেন, 'নিশ্চয় আল্লাহ তা'আলা তোমাদের জন্য তোমাদের শিষ্টাচার বন্টন করে দিয়েছেন যেমন তোমাদের রিযিক বন্টন করেছেন।' নবী করিম (ﷺ) এর শিষ্টাচার অতীব পবিত্র, সুন্দর ও পরিপূর্ণ ছিল এবং তাঁর সিরত বা স্বভাব অত্যধিক শরীফ, মর্যাদাবান, মনোরম ও মনোনীত ছিল। নিশ্চয় তিনি তৎকালীন বন্য

পশু তুল্য নিকৃষ্ট আরব জাতির মধ্যে উৎকৃষ্ট স্বভাবগুলো একত্রিত করেছিলেন এবং এমন ঘৃণিত, মানবতার সাথে দূরত্বের সম্পর্কিত স্বভাবের নিকৃষ্ট জাতিকে পরিবর্তন করে এতে ধৈর্য্যধারণ করার মত গুণে গুণান্বিত করে গড়ে তুলেছিলেন। এমনকি তারা তাদের সম্প্রদায়ের যারা নবীর বিপক্ষে ছিলেন তাদের বিপক্ষে যুদ্ধ করেছেন এবং নবীর সন্তুষ্টির জন্যে স্বীয় মাতৃভূমি ত্যাগ করে অন্যত্র হিজরত করেছেন। অথচ নবী করিম (ﷺ) উম্মি (কারো কাছে শিক্ষা অর্জন করেননি) ছিলেন। পিতৃ মাতৃহীন, অসহায় এতিম অবস্থায় অশিক্ষিত বর্বর জাতির মাঝে লালিত পালিত হয়েছেন। তাই আল্লাহ তা'আলা তাঁকে সর্বোচ্চ পর্যায়ের শিষ্টাচারের শিক্ষা দিয়েছেন। এ প্রসঙ্গে স্বয়ং নবী

اَكْمَلَ الْاَخْلَاقِ الزَّكِيَّةِ وَاَشْرَفَ السِّيَرِ الْمَرْضِيَّةِ، وَقَدْ جَمَعَ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ مَكَارِمَ الْاَخْلَاقِ، فَسَاسَ الْعَرَبَ الَّذِيْنَ هُمْ كَالْوُحُوْشِ الشَّارِدَةِ، وَصَبَرَ عَلٰى طِبَاعِهِمْ الْمُتَنَافِرَةِ الْمُتَبَاعِدَةِ حَتّٰى قَاتَلُوْا دُوْنَهُ اَهْلَهُمْ وَهَجَرُوْا فِيْ رَضَاهُ اَوْ طَانَهُمْ مَعَ اَنَّهُ اُمِّـيٌّ نَشَأَ بَيْنَ جُهَّالٍ يَتِيْمًا مِنْ اَبَوَيْهِ فِيْ فَقْرٍ فَعَلَّمَهُ اللهُ تَعَالٰى مَكَارِمَ الْاَخْلَاقِ حَتّٰى قَالَ اَدَّبَنِيْ رَبِّيْ فَاَحْسَنَ تَأْدِيْبِيْ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ

.

اَلتَّبْلِيْغُ لِلنَّبِـيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

اَلنَّبِـيُّ هُوَ بَشَرٌ اِنْـسَانٌ كَامِـلٌ

(ﷺ) বলেন, 'আমার প্রভূ আমাকে শিষ্টাচার শিক্ষা দিয়েছেন তাইত আমার শিষ্টাচার কতই না সুন্দর হয়েছে!'

নবী করীম (ﷺ) এর তাবলীগ বা প্রচার সংক্রান্ত আলোচনা।

নবী করীম (ﷺ) হলেন নির্বাচিত, মনোনীত ও পরিপূর্ণ মানব, যাকে আল্লাহ তা'আলা ধর্মীয় বিধানসমূহ প্রচারে সর্বপ্রকারের দোষ-ত্রুটি থেকে মুক্ত করে সৃষ্টিকুলের প্রতি প্রেরণ করেছেন। তিনি সর্বপ্রকারের নূরানী ও বশরি গুণাবলীর সমন্বয়কারী ছিলেন, তবে কখনো বাস্তবিক ও কার্যকর হিসেবে এবং কখনো ক্ষমতাধীন থেকেও স্বভাবগতভাবে নূরানী ও বশরি গুণাবলী সমূহ আত্ম প্রকাশ করত। তাবলীগ হচ্ছে বশরী যেমন আল্লাহ তা'আলা বলেন, 'হে হাবীব (ﷺ) আপনি বলুন! (প্রকাশ্য মানবীয় আকৃতিতে তো) আমি তোমাদের মতো, আমার প্রতি প্রত্যাদেশ আসে যে, তোমাদের ইলাহই একমাত্র ইলাহ।'[৬৩] তাঁর ইবাদতের দিক নূরানী তাইতো তাঁর কোন ছায়া ছিল না। কেননা তাঁর আপাদমস্তক সম্পূর্ণ শরীর নূরানী ছিল। তাঁর শারীরিক নূর তাদের চতুপার্শ্বে আলোক সজ্জার ন্যায় ঘুরতে থাকত। আল্লাহ তা'আলা বলেন, 'নিশ্চয় আল্লাহ তা'আলার

مُجْتَبٰى مُرْتَضٰى بَعَثَهُ اللهُ تَعَالٰى اِلَى الْخَلْقِ لِتَبْلِيْغِ الْاَحْكَامِ الَّذِىْ هُوَ السَّلِيْمُ مِنْ كُلِّ عَيْبٍ وَهُوَ جَامِعُ الصِّفَاتِ النُّوْرَانِيَّةِ وَالْبَشَرِيَّةِ وَقَدْ تَكُوْنُ فِعْلًا وَتَكُوْنُ قُوَّةً مِنْ طَرْفِ الْعَادَةِ وَالتَّبْلِيْغُ بَشْرِىٌّ قَالَ اللهُ تَعَالٰى: قُلْ اِنَّمَا اَنَا بَشَرٌ مِثْلُكُمْ يُوْحٰى اِلَىَّ الخ وَطَرْفُ الْعِبَادَةِ نُوْرَ انِـىٌّ فَلِذَا لَاظِلَّ لَهُ لِاَنَّهُ جِسْمٌ نُوْرَانِـىٌّ. يَسْعٰى نُوْرُهُمْ بَيْنَ اَيْدِيْهِمْ وَبِاَيْمَانِهِمْ الخ وَقَدْ جَاءَ كُمْ مِنَ اللهِ نُـوْرٌ الخ وَغَيْرَهَا .

اَلْوَحِىٌّ

اَطْلَعَهُ اللهُ تَعَالٰى عَلَى الْغُيُوْبِ بِـمَا شَاءَ مِنَ الْاَحْكَـامِ الدِّيْـنِـيَّـةِ

পক্ষ থেকে তোমাদের নিকট নূর এসেছে।' অনুরূপ আরও অনেক আয়াত রয়েছে।

ওহী (ঐশীবাণী) কি?

আল্লাহ তা'আলা তাঁর প্রিয় হাবীব (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)কে স্বীয় ইচ্ছানুযায়ী অদৃশ্য শরয়ী বিধানাবলী ও অদৃশ্য যাবতীয়

---

৬৩. আল-কুরআন, সূরা কাহ্ফ, আয়াত: ১১০

বিষয়াবলীর জ্ঞান দান করেছেন। আল্লাহ তা'আলার বাণী, 'আর আল্লাহর শান এমন নয় যে, তোমাদেরকে অদৃশ্য জ্ঞান দিয়ে দিবেন। তবে আল্লাহ তাঁর রাসূলগণের মধ্য থেকে যাকে ইচ্ছে মনোনীত করেন।'[৬৪]

আল্লাহ তা'আলা আরো বলেন, 'তিনি (আল্লাহ) অদৃশ্য বিষয় বর্ণনা করার ব্যাপারে কৃপণতা করেন না।'[৬৫]

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর নাম মোবারক সমূহ কি কি?

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর অনেক প্রসিদ্ধ নাম আছে। তন্মধ্যে অধিকতর প্রসিদ্ধ নাম মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও আহমদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)।

সায়্যিদিনা মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর

الشَّرِيْعَةِ وَالْمَكْنُوْنَاتِ الْغَيْبِيَةِ الْمَخْفِيَّةِ قَوْلُهُ تَعَالٰى وَمَا كَانَ اللّٰهُ لِيَطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَلٰكِنَّ اللّٰهَ يَجْتَبِىْ مِنْ رُسُلِهٖ مَنْ يَّشَاءُ الخ . وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ وَغَيْرَهَا.

مَاهِيَ اَسْمَاءُ النَّبِيِّ صَلَّى اللّٰهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ ؟

اَسْمَاءُ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ كَثِيْرَةٌ مَشْهُوْرَةٌ وَاشْهَرُهَا مُحَمَّدٌ وَاَحْمَدُ .

مَا نَسَبُ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ مِنْ جِهَةِ اَبِيْهِ؟

هُوَ سَيِّدُنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللّٰهِ بْنِ عَبْدِالْمُطَّلِبِ بْنِ هَاشِمِ ابْنِ عَبْدِ مُنَافِ بْنِ قُصَيِّ بْنِ حَكِيْمِ بْنِ مُرَّةَ بْنِ كَعْبِ بْنِ لُؤَيِّ بْنِ غَالِبِ بْنِ فِهْرِ بْنِ مَالِكِ بْنِ النَّضَرِبْنِ

পিতৃকুলের বংশানুক্রম বর্ণনা কর।

তিনি সায়্যিদিনা মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বিন আবদুল্লাহ বিন আবদুল মুত্তালিব বিন হাশিম বিন আবদে মুনাফ বিন কুসাই বিন হাকিম বিন মুর্‌রা বিন কা'ব বিন লুওয়াই বিন গালিব বিন ফিহ্‌র বিন মালিক বিন নাদর বিন কিনানাহ্‌ বিন খুযাইমা বিন মুদরাকা বিন ইলিয়াছ বিন মুদার বিন নিযার বিন মা'য়াদ বিন আদ্‌নান।

সায়্যিদিনা মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর মাতৃকুলের বংশানুক্রম বর্ণনা কর।

তিনি মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বিন সায়্যিদা আমিনা বিন্‌তে ওয়াহ্‌হাব বিন আবদে মুনাফ বিন যুহরা বিন হাকিম- যিনি পিতৃ ধারায় উল্লেখ রয়েছেন। অর্থাৎ হাকিম থেকে পরবর্তী বংশধারা পিতৃ বংশ ধারার সাথে মিল রয়েছে।

রাসূলে পাক (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সন্তানের সংখ্যা কত?

রাসূলে পাক (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সন্তানের সংখ্যা সাত জন। তম্মধ্যে তিন

---

৬৪. আল-কুরআন, সূরা আল্‌-ইমরান, আয়াত: ১৭৯
৬৫. আল-কুরআন, সূরা তাকভীর, আয়াত: ২৪

كِنَانَةَ بْنِ خُزَيْمَةَ بْنِ مُدْرَكَةَ بْنِ اِلْيَاسَ بْنِ مُضَرَبْنِ نِزَارَبْنِ مَعَدِ بْنِ عَدْنَانَ.

مَا نَسَبُ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ جِهَةِ اُمِّهِ ؟

هُوَ سَيِّدُنَا مُحَمَّدٌ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ابْنُ السَّيِّدَةِ اٰمِنَةَ بِنْتِ وَهْبِ بْنِ عَبْدِ مُنَافِ بْنِ زُهْرَةَ بْنِ حَكِيْمِ اَلْمَذْكُوْرُ فِيْ نَسَبِهٖ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ جِهَةِ اَبِيْهِ .

كَمْ اَوْلَادُهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟

اَوْلَادُهُ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ سَبْعَةٌ . ثَلَاثَةٌ ذُكُوْرٌ وَهُمْ اَلْقَاسِمُ وَعَبْدُ اللهِ وَاِبْرَاهِيْمُ وَاَرْبَعُ اُنَاثٍ. وَهُنَّ فَاطِمَةُ وَزَيْنَبُ وَرُقَيَّةُ وَاُمُّ كُلْثُوْمٍ وَكُلُّهُمْ مِنَ السَّيِّدَةِ خَدِيْجَةَ اِلَّا سَيِّدَنَا اِبْرَاهِيْمَ

জন ছেলে- ক্বাসিম, আবদুল্লাহ ও ইব্রাহিম (রা.)। চার জন কন্যা- ফাতিমা, জয়নব, রুকাইয়া ও উম্মে কুলসুম (রা.)। হযরত ইব্রাহিম (রা.) ব্যতীত প্রত্যেকই হযরত খদিজাতুল কোবরা (রা.) এর ঔরশজাত সন্তান, আর হযরত ইব্রাহিম (রা.) মারিয়া কিবতিয়ার ঔরশজাত সন্তান।

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সহধর্মিনীর সংখ্যা কত জন?

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সহধর্মিনীর সংখ্যা এগার জন। এঁরা হলেন হযরত খদিজা, হযরত আয়শা, হযরত হাফছা, হযরত জয়নব, হযরত হিন্দ, হযরত জুওয়াইরিয়া, হযরত রামলা, হযরত সাওদা, হযরত মাইমুনা, হযরত ছফিয়া ও হযরত জয়নব উম্মুল মাসাকিন (রা.)।

রাসূলে করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর চাচাদের সংখ্যা সম্পর্কে বর্ণনা কর।

রাসূলে করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর চাচার সংখ্যা বার জন। এঁদের মধ্যে দুই জন মুসলমান- হযরত হামজা (রা.) ও আব্বাস (রা.)।

নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর ফুফুদের

فَمِنْ مَارِيَةَ الْقِبْطِيَّةِ.

كَمْ اَزْوَاجُهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟

اَزْوَاجُ النَّبِيُّ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ اِحْدٰى عَشَرَةَ وَهُنَّ خَدِيْجَةُ وَعَائِشَةُ وَحَفْصَةُ وَزَيْنَبُ وَهِنْدٌ وَجُوَيْرِيَةُ وَرَمْلَةُ وَسَوْدَةُ وَمَيْمُوْنَةُ وَصَفِيَّةُ وَزَيْنَبُ اَمُّ الْمَسَاكِيْنِ .

بَيِّنْ لَنَا اَعْمَامَهُ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ ؟

اَعْمَامَهُ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ اِثْنَا عَشَرَ مُسْلِمُهُمْ اِثْنَانِ وَهُمَا حَمْزَةُ وَالْعَبَّاسُ.

بَيِّنْ لَنَا عَمَّاتِه صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟

عَمَّاتُهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ سِتَّةٌ مُؤْمِنُهُنَّ ثَلَاثَةُ وَهُنَّ صَفِيَّةُ وَعَاتِكَةُ وَاَرْوٰى.

সংখ্যা সম্পর্কে বর্ণনা কর।

নবী করীম (ﷺ) এর ফুফুর সংখ্যা ছয় জন। এঁদের মধ্যে তিনজন ঈমান এনেছেন। হযরত ছফিয়া, আতিকা ও আরওয়া (রা.)।

كَمْ خُدَّامُهُ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟

خُدَّامَهُ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ مِائَةٌ وَسَبْعُوْنَ مِنْهُمْ اَنَسٌ وَمَارِيَةُ وَاُمُّ اَيْمَنَ .

كَمْ اَخْوَالُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟

اَخْوَالُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَةٌ. اَسْوَدٌ وَعُمَيْرٌ وَعَبْدُ يَغُوْثَ وَقَدْ مَاتُوْا فِي الْفَتْرَةِ .

كَمْ خَالَاتُ النَّبِيِّ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ ؟

لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ خَالَتَانِ وَهُمَا فَرِيْصَةُ وَفَاخِتَةُ وَقَدْ مَاتَتَا فِي الْفَتْرَةِ .

قَدْ عَرِفْنَا ذٰلِكَ، فَمَا هِيَ الْكُتُبُ الْمُنَزَّلَةُ مِنَ السَّمَاءِ ؟

اَلْكُتُبُ الْمُنَزَّلَةُ مِنَ السَّمَاءِ كَثِيْرَةٌ وَمِنْهَا تَوْرَاةُ مُوْسٰى وَاِنْجِيْلُ عِيْسٰى وَزَبُوْرُ دَاوُدَ وَقُرْاٰنُ

প্রিয় নবী (ﷺ) এর খাদিমের সংখ্যা কত?

প্রিয় নবী (ﷺ) এর খাদিমের সংখ্যা একশ' সত্তর জন। তন্মধ্যে প্রসিদ্ধ ছিলেন হযরত আনাস, হযরত মারিয়া ও হযরত উম্মে আয়মন (রা.)।

নবী করীম (ﷺ) এর মামার সংখ্যা কত ?

নবী করীম (ﷺ) এর মামার সংখ্যা তিন জন। তাঁরা হলেন- আসওয়াদ, উমাইর ও আবদু ইয়াগুস। এঁরা সবাই ফতরতের (নবুয়ত প্রাপ্তির পূর্বে) সময় ইন্তিকাল করেন।

রাসূলে করীম (ﷺ) এর খালার সংখ্যা কত ?

রাসূলে করীম (ﷺ) এর খালার সংখ্যা দুই জন- ফরিছা ও ফাখেতা। দু'জনই নবী করীম (ﷺ) এর নবুয়ত প্রাপ্তির পূর্বে মারা যান।

পূর্বোল্লিখিত আলোচনায় অবহিত হয়েছি, অতএব আসমানী কিতাবের সংখ্যা কত বর্ণনা কর।

অবতীর্ণ আসমানী কিতাবের সংখ্যা অনেক। তন্মধ্যে প্রসিদ্ধ তাওরাত হযরত মুসা (আ.) এর ওপর, ইঞ্জিল হযরত ঈসা (আ.) এর ওপর, জবুর হযরত দাউদ (আ.) এর ওপর এবং পবিত্র কোরআন হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর ওপর অবতীর্ণ হয়েছে। সৃষ্টিকুল সরদার হযরত সাইয়্যিদিনা মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর ওপর পবিত্র কোরআন শরীফ- যার দ্বারা আল্লাহ তা'আলা অন্যান্য অবতীর্ণ কিতাবসমূহ রহিত করে দিয়েছেন।

উপরোক্ত আলোচনায় আমরা উহা অনুধাবন করতে পেরেছি, অতএব ফিরিস্তার সংজ্ঞা কি?

ফিরিস্তাগণ নূরানী শরীর বিশিষ্ট সৃষ্টি, যাদের সংখ্যা আল্লাহ ব্যতীত কেউ জ্ঞাত নয়। তাদের কোন বংশানুক্রম নেই এবং তাঁরা পানাহারও করেন না। আল্লাহ তা'আলার তাসবীহ ও প্রশংসা করাই তাদের জীবনী শক্তি। তাঁরা আল্লাহর হুকুম অমান্য করেন না, যথাযতভাবে আল্লাহর হুকুম পালন করেন। আল্লাহ তা'আলা তাদেরকে বিভিন্নরূপ

مُحَمَّدٍ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهِمْ اَجْمَعِيْنَ .
وَقُرْاٰنُ سَيِّدُنَا مَحَمَّدٍ اَفْضَلُ الْجَمِيْعِ وَقَدْ نَسَخَ اللهُ بِهٖ جَمِيْعَ الْكُتُبِ الْمُنَزَّلَةِ .

فَهِمْنَا ذٰلِكَ، فَمَا هِيَ الْمَلَائِكَةُ ؟

اَلْمَلَائِكَةُ هُمْ اَجْسَامُ نُوْرَانِيَّةٌ لَايَعْلَمُ عَدَدَهُمْ اِلَّا اللهُ تَعَالٰى لَايَتَنَاسَلُوْنَ وَلَا يَأْكُلُوْنَ وَلَا يَشْرَبُوْنَ وَاِنَّمَا قُوْتُهُمْ اَلتَّسْبِيْحُ وَالتَّحْمِيْدُ لَايَعْصُوْنَ اللهَ مَا اَمَرَهُمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ اَعْطَاهُمُ اللهُ قُدْرَةً عَلَى التَّشَكُّلِ وَقَطْعِ الْمَسَافَاتِ الْبَعِيْدَةِ فِيْ مُدَّةٍ وَجِيْزَةٍ وَالْمَوْتُ جَائِزٌ عَلَيْهِمْ .

مَنْ هُوَ الْوَاجِبُ مَعْرِفَتُهُ مِنَ الْمَلَائِكَةِ تَفْصِيْلًا؟

ধারণ করার ও স্বল্প সময়ে দূর-দূরান্ত পথ অতিক্রম করার ক্ষমতা দান করেছেন। তাঁদের ক্ষেত্রে মৃত্যু বৈধ।

ফিরিশতাদের মধ্য হতে কাদের সম্পর্কে বিস্তারিত অবগত হওয়া ওয়াজিব?

ফিরিশতাদের মধ্য হতে দশ জন ফিরিশতার বিস্তারিত পরিচিতি জানা আবশ্যক। হযরত জিব্‌রাঈল (আ.), হযরত মিকাঈল (আ.), হযরত ইসরাফিল (আ.), আজরাঈল (আ.), জান্নাতের নিয়ন্ত্রক রিদুওয়ান (আ.), দোযখের নিয়ন্ত্রক মালেক (আ.), আমলনামা লেখক দু'জন ফিরিশতা রকিব ও আতিদ (আ.) এবং কবরে প্রশ্নকর্তা দু'জন ফিরিশতা মুনকার ও নকির (আ.)।

اَلْوَاجِبُ مَعْرِفَتُهُ مِنَ الْمَلَائِكَةِ تَفْصِيْلًا عَشَرَةٌ وُهُمْ جِبْرَائِيْلُ وَمِيْكَائِيْلُ وَاِسْرَافِيْلُ وَعَزْرَائِيْلُ. وَرِضْوَانٌ خَازِنُ الْجَنَّةِ وَمَالِكُ خَازِنُ النَّارِ وَكَاتِبَا الْاَعْمَالِ رَقِيْبٌ وَعَتِيْدٌ وَسَائِلَا الْقَبْرِ مُنْكَرٌ وَنَكِيْرٌ.

কিয়ামত দিবস কি? এ সম্পর্কে কি ধরনের ধারণা রাখা আবশ্যক?

কিয়ামত দিবসের সূচনা হচ্ছে মৃত্যু, প্রত্যেক মৃত নির্ধারিত সময় অনুযায়ী মৃত্যুবরণ করে, যদিও হত্যাকৃত অবস্থায় মৃত্যু হয়। কবরে দু'জন ফিরিশতা কর্তৃক প্রশ্ন সম্পর্কে বিশ্বাস রাখা আমাদের ওপর আবশ্যক। তারা (ফিরিশতাদ্বয়) প্রত্যেক মৃত

مَا هُوَالْيَوْمُ الْاٰخِرُ، وَمَاالَّذِىْ يَجِبُ اِعْتِقَادُهُ؟

اَلْيَوْمُ الْاٰخِرُ اَوَّلُهُ الْمَوْتُ وَكُلُّ مَيِّتٍ بِاَجَلِه وَلَوْ مَقْتُوْلًا وَيَجِبُ عَلَيْنَا اَنْ نُؤْمِنَ بِسُؤَالِ الْمَلَكَيْنِ فِىْ الْقِبْرِ، يَسْأَلَانِ كُلَّ مَيْتٍ عَنْ اِلٰهِهِ وَنَبِيِّه وَدِيْنِه وَلَوْ بِاَجْوَافِ السَّمَكِ اَوْبُطُوْنِ السِّبَاعِ اِلَّا مَنِ اسْتُثْنِيَّ كَالْاَنْبِيَاءِ وَالْمَلَائِكَةِ

ব্যক্তিকে তার প্রভূ, নবী ও দ্বীন সম্পর্কে প্রশ্ন করবেন; যদিও সে মাছের পেটে কিংবা হিংস্র প্রাণীর উদরেই হোক না কেন- তবে যারা এ বিধানভূক্ত নয় যেমন- নবীগণ ও ফিরিশতাগণ। কবরের আযাব ও নি'য়ামত এবং কবরের সংকীর্ণতা (কবরের চাপ) সম্পর্কেও বিশ্বাস করা আমাদের আবশ্যক। কিয়ামতের বড় বড় নিদর্শন সমূহের প্রতি বিশ্বাস করাও ওয়াজিব। যেমন- ইমাম মাহদী (আ.) এর আবির্ভাব ও কানা দাজ্জালের বহিঃপ্রকাশ এবং অলৌকিক ঘটনা প্রদর্শন, হযরত ঈসা বিন মরিয়ম (আ.) আসমান থেকে অবতরণ, ইয়াজুজ-মাজুজ বের হওয়া, দাব্বাতুল আরদ নামক চতুষ্পদ জন্তু বের হওয়া যে মানুষের সাথে কথা বলবে, 'হে অমুক! তুমি জান্নাতী, হে অমুক! তুমি জাহান্নামী। হযরত ঈসা (আ.) এর ইন্তিকালের পর সূর্য পশ্চিম দিকে উদিত হওয়া, আল্লাহ তা'আলার পক্ষ থেকে বাতাস প্রেরণ- যা সকল ঈমানদারদের আত্মাকে কেড়ে নিবে, অতঃপর মানুষ এ পৃথিবীতে শত বৎসর পর্যন্ত অবস্থান করবে কিন্তু কেউ আল্লাহ তা'আলার ইবাদত করবে না।

وَنُؤْمِنَ بِعَذَابِ الْقَبْرِ وَنَعِيْمِه□، وَضَمَّةِ الْقَبْرِ، وَنُؤْمِنُ بِاِشْرَاطِ السَّاعَةِ الْكُبْرٰى، كَظُهُوْرِ الْمَهْدِيِّ، وَالْمَسِيْحِ الدَّجَّالِ، وَتَظْهَرُ عَلٰى يَدَيْهِ خَوَارِقُ الْعَادَاتِ وَنُزُوْلُ عِيْسٰى بْنَ مَرْيَمَ عَلَيْهِ السَّلَامِ وَخُرُوْجِ يَأْجُوْجَ وَمَأْجُوْجَ وَخُرُوْجَ الدَّابَّةِ تُكَلِّمُ النَّاسَ تَقُوْلُ: يَافُلَانُ اَنْتَ مِنْ اَهْلِ الْجَنَّةِ، يَافُلَانُ اَنْتَ مِنْ اَهْلِ النَّارِ وَطُلُوْعِ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا بَعْدَ مَوْتِ سَيِّدِنَا عِيْسٰى عَلَيْهِ السَّلَامَ وَاِرْسَالِ اللهِ رِيْحًا تَقْبِضُ اَرْوَاحَ الْمُؤْمِنِيْنَ وَيَبْقٰى النَّاسُ مِائَةَ سَنَةٍ لَايَعْبُدُوْنَ اللهَ تَعَالٰى.

اَيُّ شَيْئٍ يَحْصُلُ بَعْدَ ذٰلِكَ ؟

بَعْدَ ذٰلِكَ يَأْمُرُ اللهُ تَعَالٰى اِسْرَافِيْلَ أَنْ يَنْفَخَ فِيْ الصُّوْرِ،

এরপর কি ঘটবে?

এরপর আল্লাহ তা'আলা হযরত ইস্রাফিল (আ.)কে শিঙ্গায় ফুঁক দেওয়ার নির্দেশ দিবেন। পরপর এতে তিনি দু'টি ফুঁক দিবেন; তৃতীয় ফুঁতে সবকিছু ধ্বংস হয়ে যাবে তবে যাদেরকে আল্লাহ

فَيَنْفُخُ فِيْهِ نَفْخَتَيْنِ، وَبِالثَّالِثَةِ يَصْعَقُ بِهِ كُلُّ شَيْئٍ اِلَّا مَنْ شَاءَ اللهُ. كَمُوْسٰى الْكَلِيْمُ، وَحَمَلَةِ الْعَرْشِ، ثُمَّ يُمِيْتُ اللهُ الْمَلَائِكَةَ وَيَفْنٰى كُلُّ شَيْئٍ اِلَّا ثَمَانِيَةً وَهِيَ الْعَرْشُ وَالْكُرْسِيُّ، وَالْجَنَّةُ، وَالنَّارُ، وَعَجْبُ الذَّنَبِ، وَالْاَرْوَاحُ وَاللَّوْحُ وَالْقَلَمُ ثُمَّ يُعِيْدُ اللهُ الْاَجْسَامَ كَمَا كَانَتِ الْاَجْزَاءُ الْاَصْلِيَّةُ يَجْمَعُهَا بَعْدَ تَفَرُّقِهَا بِاِنْبَاتِهَا كَالْبَقْلِ مِنْ عَجْبِ الذَّنْبِ بِمَاءٍ يُنَزِّلُهُ مِنَ السَّمَاءِ وَيَحْمِلُ حَمَلَةَ الْعَرْشِ، وَرُؤُسَاءَ الْمَلَائِكَةِ وَيَجْمَعُ الْاَرْوَاحَ فِي الصُّوْرِ وَيَأْمُرُ اِسْرَافِيْلَ فَيَنْفُخُ فِيْهِ نَفْخَةَ الْبَعْثِ فَتَخْرُجُ الْاَرْوَاحُ مِنْ ثَقُوْبِ فِيْهِ بَعَدَهَا فَتَدْخُلُ اَجْسَادَهَا فِيْ الْاَرْضِ ثُمَّ تَنْشَقُّ عَنْهُمْ فَيَخْرُجُوْنَ

বহাল রাখতে ইচ্ছা করবেন। যেমন- মুসা কলিমুল্লাহ, আরশ বহনকারী ফিরিশতা। অতঃপর আল্লাহ তা'আলা ফিরিশতাদের জীবনের অবসান ঘটাবেন এবং আটটি জিনিস ব্যতীত সবকিছু ধ্বংস হয়ে যাবে। আট বিষয় হলো- আরশ, কুরসি, জান্নাত, দোযখ, লেজের গোড়ালি অংশ (মেরুদন্ডের নীচের অংশ), আত্মাসমূহ, লৌহ ও কলম। অতঃপর আল্লাহ তা'আলা সকল বিচ্ছিন্ন অঙ্গ-প্রত্যঙ্গগুলো একত্রিত করে ঠিক সেভাবে যেভাবে মূল অঙ্গ-প্রত্যঙ্গগুলো পূর্বে ছিল আজবুজ জম্ব তথা লেজের গোড়ালি বা মেরুদন্ডের নিম্নাংশের হাঁড় থেকে পুনরায় গঠন করবেন। যেমন- আকাশ থেকে অবতীর্ণ পানি দ্বারা তরিতরকারি এবং শস্যাদি বীজ থেকে উৎপাদন করা হয়। এরপর আরশ বহনকারী ফিরিশতা ও ফিরিশতাদের সর্দারকে জীবিত করবেন। এরপর সকল আত্মাকে শিঙ্গায় একত্রিত করবেন এবং হযরত ইস্রাফিলকে পুনর্জীবনের জন্যে ফুঁ দেয়ার নির্দেশ দিবেন।

হযরত ইস্রাফিল এতে পুনর্জীবনের ফুঁ দিবেন এবং সমস্ত রূহগুলো তাদের সংখ্যানুপাতে স্বীয় গর্ত থেকে বের হয়ে আসবে এবং জমিনে স্ব-স্ব শরীরে প্রবেশ করবে। অতঃপর জমিন তাদের

مِنَ الْاَجْدَاثِ اَیْ اَلْقُبُوْرِ سَرَاعًا وَاَوَّلُ مَنْ تَنْشَقُّ عَنْهُ الْاَرْضُ نَبِیُّنَا مُحَمَّدٌ صَلَّی اللّٰهُ عَلَیْهِ وَسَلَّمَ ثُمَّ یُسَاقُ النَّاسُ اِلَی الْمَوْقِفِ فِیْ اَرْضٍ غَیْرِ هٰذِهِ الْاَرْضِ وَتَدْنُوْ الشَّمْسُ مِنْهُمْ، فَیَکُوْنُ النَّاسُ عَلٰی قَدْرِ اَعْمَالِهِمْ فِیْ الْعَرَقِ وَمِنْهُمْ مَنْ یَّکُوْنَ فِیْ ظِلِّ الْعَرْشِ، وَیَشْتَدُّ الْکُرْبُ فِی الْمَوْقِفِ فَیَسْتَشْفِعُ النَّاسُ بِاٰدَمَ، فَنُوْحٍ، فَاِبْرَاهِیْمَ، فَمُوْسٰی ، فَعِیْسٰی .
فَیَعْتَذِرُوْنَ اِلَیْهِمْ، فَیَسْتَشْفِعُوْنَ بِسَیِّدِنَا مُحَمَّدٍ صَلَّی اللّٰهُ تَعَالٰی عَلَیْهِ وَسَلَّمَ . فَیَشْفَعُ لَهُمْ فِیْ فَصْلِ الْقَضَاءِ وَهُوَ الْمَقَامُ الْمَحْمُوْدُ ثُمَّ یُحَاسَبُوْنَ اِلَّا مَنْ وَرَدَ النَّصُّ بِاِسْتِثْنَائِهِمْ، وَیَدْخُلُ الْجَنَّةَ مِنْ اُمَّةِ النَّبِیِّ صَلَّی اللّٰهُ تَعَالٰی عَلَیْهِ وَسَلَّمَ خَلْقٌ کَثِیْرٌ بِغَیْرِ

জন্যে বিদীর্ণ হবে এবং কবর থেকে তারা দ্রুতগতিতে বের হয়ে আসবে। সর্বপ্রথম আমাদের নবী হযরত মুহাম্মদ (ﷺ) এর জন্যে জমিন বিদীর্ণ হবে। অতঃপর মানুষদেরকে হাঁকিয়ে অবস্থান স্থলে (হাশরের ময়দান) নিয়ে যাওয়া হবে। যা এ জমিন ব্যতীত অন্য জমিনই হবে। সূর্য তাদের অতি নিকটে হবে। তাই মানুষ তাদের আমল অনুপাতে ঘামের মধ্যে থাকবে। আবার কিছু লোক আরশের ছায়ায় অবস্থান করবে। কিয়ামতের ময়দান অসহনীয় কষ্টের হবে। তাই লোকেরা যথাক্রমে হযরত আদম (আ.), হযরত নূহ (আ.), হযরত ইব্রাহিম (আ.), হযরত মুসা (আ.) ও হযরত ঈসা (আ.) এর কাছে সুপারিশের জন্যে উপস্থিত হবে। তাঁরা সবাই অপারগতা প্রকাশ করবেন। অতঃপর তাঁরা সাইয়্যেদুনা মুহাম্মদ (ﷺ) এর কাছে সুপারিশের জন্যে শরণাপন্ন হবেন। তখন তিনি তদের মহাসংকটাপন্ন বিপদে সুপারিশ করবেন। ইহাই হল

মাকামে মাহমুদ (প্রশংসনীয় স্থান)। অতঃপর হিসাব-নিকাশ শুরু হবে। তবে যাদের জন্যে অকাট্য দলীল রয়েছে তাঁরা হিসাব-নিকাশের ঊর্ধ্বে থাকবেন। নবী করিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উম্মত থেকে অনেক লোক বিনা হিসাবে

জান্নাতে প্রবেশ করবেন। অতঃপর তাদের আমল সমূহ পরিমাপকের মাধ্যমে পরিমাণ করা হবে। তবে যাঁরা এ হুকুমের ঊর্ধ্বে তাদের আমলগুলো পরিমাণ করা হবে না। অতঃপর বান্দারা আমলনামা হাতে পাবে। হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উম্মতগণ হাউসে কাউসারে অবতরণ করবেন। যার পানি দুধের চেয়েও সাদা এবং মধুর চেয়েও অধিকতর মিষ্টি। যে ব্যক্তি এখান থেকে পান করবে সে পরে কখনো তৃষ্ণার্থ হবে না। অতঃপর তারা পুলসিরাত অতিক্রম করবে। উহা জাহান্নামের ওপর সুদীর্ঘ সরু সেতু যার প্রারম্ভ হাশরের ময়দান ও শেষাংশ জান্নাতের প্রবেশ পথ। সর্বপ্রথম পুলসিরাত অতিক্রম করবেন সাইয়্যেদুনা মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও তাঁর উম্মতগণ। অতঃপর পর্যায়ক্রমে হযরত ঈসা (আ.) ও তাঁর উম্মতগণ, হযরত মুসা (আ.) ও তাঁর উম্মতগণ, অন্যান্য নবীগণ ও তাঁদের উম্মতগণ পুলসিরাত অতিক্রম

حِسَابٍ، ثُمَّ تُوْزَنُ اَعْمَالُهُمْ بِالْمِيْزَانِ اِلَّا مَنِ اسْتُثْنِـيَ . ثُمَّ تَأْخُذُ الْعِبَادُ الصُّحُفَ وَتَرِدُ اُمَّةُ مُحَمَّدٍ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ حَوْضَهُ الشَّرِيْفَ مَاؤُهُ اَبْيَضُ مِنَ اللَّبْنِ وَاَحْلٰى مِنَ الْعَسْلِ مَنْ شَرِبَ مِنْهُ لَا يَظْمَأُ بَعْدَهُ اَبَدًا، ثُمَّ بَعْدَ ذٰلِكَ يَمُرُّوْنَ عَلٰى الصِّرَاطِ، وَهُوَ جِسْرٌ مَمْدُوْدُ عَلٰى مَتْنِ جَهَنَّمَ، اَوَّلُهُ مِنَ الْمَوْقِفِ وَاٰخِرُهُ عَلٰى بَابِ الْجَنَّـةِ، وَاَوَّلُ مَنْ يَمُرُّ عَلٰى الصِّرَاطِ سَيِّدُنَا مُحَمَّدٌ صَلَّى اللهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ وَاُمَّتُهُ ثُمَّ عِيْسٰى وَاُمَّتُهُ ثُمَّ عِيْسٰى وَاُمَّتُهُ ثُمَّ مُوْسٰى وَاُمَّتُهُ، ثُمَّ بَاقِيُ الْاَنْبِيَاءِ وَاُمَمُهُمْ ثُمَّ بَعْدَ ذٰلِكَ الْمَصِيْرُ اِمَّا اِلٰى جَنَّةٍ عَالِيَةٍ قُطُوْفُهَا دَانِيَّةٌ ، وَاِمَّا اِلٰى نَارٍ حَامِيَّةٍ، وَالْجَنَّةُ وَالنَّـارُ، مَوْجُوْدَتَانِ اَلْاٰنَ .

করবেন। অত:পর হয়ত তারা প্রত্যাবর্তন করবে সুউচ্চ মর্যাদাবান জান্নাতে যার ফলরাজি অবনমিত থাকবে অথবা অতি উত্তপ্ত জাহান্নামের কঠিন আগুনে! স্বর্গ-নরক উভয়ই বর্তমানে বিদ্যমান আছে।

هَلْ يَجِبُ شَيْئٌ غَيْرُ مَا تَقَدَّمَ ؟

نَعَمْ . يَجِبُ الْإِيْمَانُ بِكُلِّ مَاوَرَدَ عَنِ النَّبِـيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ كُلِّ حُكْمٍ صَارَ مُشْتَهِرًا بَيْنَ الْعَامَّةِ كَالْإِسْرَاءِ وَالْمِعْرَاجِ بِجَسَدِهِ الشَّرِيْفِ فِـى الْيَقْظَةِ وَكَحَيَاةِ الشُّهَدَاءِ، وَهُمْ مَنْ قُتِلُوْا فِىْ جِهَادِ الْكُفَّارِ لِإِعْلَاءِ كَلِمَةِ اللهِ تَعَالٰى حَتّٰى اِنَّهُمْ يَأْكُلُوْنَ وَيَشْرَبُوْنَ وَيَتَمَتَّعُوْنَ فِى الْجَنَّةِ، وَيَجِبُ عَلَيْنَا الْإِيْمَانَ بِالْقَضَاءِ وَالْقَدْرِ وَهُوَ اَنْ نَعْتَقِدَ اَنَّ اللهَ تَعَالٰى قَدَّرَ الْخَيْرَ وَالشَّرَّ قَبْلَ خَلْقِ الْخَلْقِ وَاَنَّ جَمِيْعَ الْكَائِنَاتِ بِقَضَاءِ اللهِ وَقَدَرِهِ . وَخَيْرَالْأُمُوْرِ وَشَرَّهَا مِنْهُ تَعَالٰى جَلَّ شَأْنُهُ، فَهُوَ الْمُوْجِدُ لِكُلِّ شَيْئٍ . اِنَّمَا الْاَدَبُ نِسْبَةُ الْخَيْرِ لِلّٰهِ عَزَّ وَجَلَّ وَنِسْبَةُ الشَّرِّ اِلَى النَّفْسِ الْاَمَّارَةِ اَوِ الشَّيْطَانِ الْمَرْدُوْدِ لَا عَلٰى سَبِيْلِ الْاِيْجَادِ بَلِ الْاِغْوَاءِ .

পূর্বোল্লিখিত বিষয়াদি ব্যতীত অত্যাবশ্যকীয় আর কিছু বিষয় আছে কি?

হ্যাঁ! অবশ্যই আছে। নবী করীম (ﷺ) এর পক্ষ থেকে যে সমস্ত বিষয়াদি আমাদের কাছে পৌঁছেছে, যা সর্বসাধারণের নিকট প্রসিদ্ধি লাভ করেছে ঐসব বিষয়াদির প্রতি বিশ্বাস রাখা আবশ্যক। যেমন- নবী করীম (ﷺ) ইসরা ও মি'রাজ শরীফে জাগ্রত অবস্থায় গমনাগমন করেন এবং শহীদদের জীবিত থাকা, যারা আল্লাহ তা'আলার দ্বীন প্রতিষ্ঠায় কাফিরদের বিরুদ্ধে যুদ্ধে শাহাদত বরণ করেন, এমনকি তারা পানাহার ও জান্নাতে আমোদ-ফুর্তি করছেন। আমাদের ওপর ফয়সালা ও তাকদীর সম্পর্কে দৃঢ় বিশ্বাস রাখা ওয়াজিব-তা হল আল্লাহ তা'আলা সৃষ্টি জগত সৃষ্টি করার পূর্বে ভাল-মন্দ সৃষ্টি করেছেন এবং সমগ্র সৃষ্টি তারই ফয়সালা মোতাবেক নির্ধারণ অনুযায়ী এবং প্রতিটি ভাল-মন্দ বিষয়াদি তারই পক্ষ হতে, তিনি মহানত্বের অধিকারী প্রত্যেক কিছুর সৃষ্টিকর্তা।

তবে আদব হচ্ছে ভাল বিষয়গুলোর সম্পর্ক আল্লাহ তা'আলার প্রতি করা এবং মন্দগুলোর সম্পর্ক অবাধ্য আত্মা বা বিতাড়িত শয়তানের প্রতি করা। তাও আবার সৃষ্টি হিসেবে নয় বরং বিপথগামী করার নিমিত্তে।

উপরোল্লিখিত বিষয়াদি সম্পর্কে ঈমান আনয়ন করা কেবলমাত্র মাদ্রাসা ছাত্র ও শিক্ষিত সমাজের ওপর ওয়াজিব ?

উপরোল্লিখিত বিষয়াদির ওপর ঈমান আনয়ন সমগ্র মুসলমান নর-নারীর জন্যে অত্যাবশ্যকীয়, অন্যথায় তাদের ঈমান পরিপূর্ণ হবে না।

পূর্ববর্তী বিষয়াদির ওপর আত্ম বিশ্বাস রাখার উপকারিতা কি?

যে সকল লোকেরা উপরোল্লিখিত বিষয়াদির ওপর বিশ্বাস স্থাপন করবে এবং উহার মহত্ত্ব ও গুরুত্ব সম্পর্কে অবগত হবে তারাই ইহ ও পরকালে সৌভাগ্যবান হবে এবং আল্লাহ তা'আলা তাদের জন্যে পূণ্যবান ও সফলকাম হওয়ার বিষয়টি নিশ্চিত করবে। মহান আল্লাহর দরবারে আমাদের প্রার্থনা, হে আল্লাহ! আমাদের শেষ অবস্থায় আমাদের সর্দার,

هَلْ اِعْتِقَادُ مَاتَقَدَّمَ وَاجِبٌ عَلٰى تَلَامِذَةِ الْمَدَارِسِ وَالْمَكَاتِبِ فَقَطْ؟

اِعْتِقَادُ مَاتَقَدَّمَ وَاجِبٌ عَلٰى جَمِيْعِ الْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ وَمَنْ لَمْ يَعْتَقِدْ مَا تَقَدَّمَ كَانَ اِيْمَانُهُ نَاقِصًا .

اَيُّ شَيْئٍ يَتَرَتَّبُ عَلٰى اِعْتِقَادِمَا تَقَدَّمَ؟

مَنْ اِعْتَقَدَ مَا تَقَدَّمَا وَعَرَفَ مَعْنَاهُ كَانَ سَعِيْدُ الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَخَتَمَ لَهُ اللهُ بِالسَّعَادَةِ نَسْأَلُكَ اَللّٰهُمَّ حُسْنَ الْخِتَامِ بِجَاهِ سَيِّدِنَا مُحَمَّدٍ خَاتِمِ الرُّسُلِ الْكِرَامِ وَالْحَمْدُ اللهِ رَبِّ الْعَالَمِيْنَ وَصَلَّى اللهُ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ كُلَّمَا ذَكَرَهُ

নবুয়তের যুগ সমাপনকারী নবীকুলের সম্রাট হযরত মুহাম্মদ (ﷺ) এর সম্মানের খাতিরে ঈমানের সাথে মৃত্যুবরণ করার তাওফীক দান করুন। সমস্ত

الذّاكِرُوْنَ وَغَفَلَ عَنْ ذِكْرِهِ الْغَافِلُوْنَ .
اَللّٰهُمَّ ارْزُقْنَا شَفَاعَةَ سَيِّدَالْاَنْبِيَاءِ وَالْمُرْسَلِيْنَ، وَاَفِضْ عَلَيْنَا مِنْ فُيُوْضِ بِاَسْمَائِكَ الْحُسْنٰى يَا رَبَّنَا يَا مَوْلَانَا .

প্রশংসা সমগ্র জাহানের পালনকর্তা আল্লাহর জন্যে এবং সাইয়্যেদুনা হযরত মুহাম্মদ (ﷺ) এর ওপর আল্লাহ রহমত বর্ষণ করেন, 'স্মরণকারীগণ যখনই স্মরণ করেন ও অলসগণ যখনই অলসতা ও অবহেলা করে।

হে আল্লাহ! আমাদেরকে নবী ও রাসূলগণের সম্রাটের শাফায়াত নসিব করুন এবং তোমারই সুন্দর নামসমূহের ফুয়ুজাত ও বরকতের ধারা প্রবাহিত করুন। হে আমাদের প্রতিপালক! হে আমাদের মাওলা! আমিন!

সমাপ্ত

১৫ই সেপ্টেম্বর ২০০৯ইং, ২৫ই রমজানুল মোবারক, মঙ্গলবার আছরের ওয়াক্তের পূর্বে।

15 ستمبر 2009- 25
رمضان المبارك
بوقت قبل العصر فى يوم الثلاثاء .